



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

বানভাসি মানুষের পাশে বাংলা বিভাগ



‘বানভাসি মানুষের বেঁচে থাকার লড়াইয়ে আমরাও আছি পাশে’ -এই স্লোগানকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের উদ্যোগে উত্তরবঙ্গের বানভাসি মানুষের জন্য ত্রাণ সহায়তা প্রদান করা হয়। এ উপলক্ষে বাংলা বিভাগের অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস-এর নেতৃত্ব বিভাগীয় শিক্ষার্থীবৃন্দ আজ (২৩ অক্টোবর-২০১৭, সোমবার) উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।

উল্লেখ্য, গত ২৪/০৮/২০১৭ কুড়িগ্রামের ভেলাকুপায় দুইশত বন্যার্ত পরিবারের মধ্যে একলক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়। পরবর্তিতে, গত ১৩/০৯/২০১৭ জামালপুরের মাদারগঞ্জে দুইশত দুস্থ পরিবারের মাঝে এক লক্ষ টাকা প্রদান করা হয়। একইভাবে আগামী ২৮/১০/২০১৭ কুড়িগ্রামের ঘোড়াদহের একটি প্রাথমিক বিদ্যালয়ে ৪০০ ছাত্র-ছাত্রীর মধ্যে স্কুল ব্যাগ এবং ১৭টি প্রাথমিক বিদ্যালয়ে পানি বিশুদ্ধকরণ ফিল্টার প্রদান করা হবে।